

সবুজ মঞ্চ ও সহযোগী সংস্থাদের ডাকে

রাজ্য কনভেনশন

গ্রাম থেকে শহর

পরিবেশ বাঁচাতে বাংলা একজোট হোক

সচেতনতার পাশাপাশি চাই সক্রিয়তাও

অদ্ভুত এক পরিস্থিতির মধ্যে আমরা। আসছে পঞ্চায়েত নির্বাচন। নানা বিষয়ে রাজনৈতিক দলগুলির মধ্যে চলছে বিতর্ক, উতোর-চাপান, অভিযোগ-প্রত্যাভিযোগ, হিংসার প্রয়োগ। কিন্তু রাজ্যের পরিবেশ নিয়ে রাজনৈতিক দলগুলির কারোরই কোন চিন্তা ভাবনা নেই; নেই দায়বদ্ধতা। গোটা দেশের সঙ্গে সঙ্গে এ রাজ্যেও পরিবেশ এক সন্ধিক্ষণে দাঁড়িয়ে। একদিকে পরিবেশের সংকট ঘনীভূত হচ্ছে; অন্য দিকে পরিবেশের মারণযজ্ঞ চলছে। জল, জমি, বাতাস কোনোটাই আর মানুষের পক্ষে নিরাপদ নয়। ক্ষমতার দস্ত আর দ্রুত মুনাফার তাড়নায় এমনভাবে সেগুলি ধ্বংস করা হচ্ছে যে সাধারণ মানুষের জীবন বিপন্ন। পরিবেশের উপর নির্ভরশীল যাঁদের জীবন জীবিকা, তাঁরা আজ সমূলে উচ্ছেদ হচ্ছেন। অনেক ক্ষেত্রেই প্রশাসন বুঝে বা না বুঝে উদাসীন, আইন ধুলায় লুটাচ্ছে। কেন্দ্র বা রাজ্য - কোনো সরকারই এই দায় এড়াতে পারেন না। তাই আজ সচেতনতার পাশাপাশি চাই আইন মানানোর পরিবেশ সক্রিয়তা। রাজ্যের বিভিন্ন প্রান্তে যে পরিবেশ কর্মীরা এই ধ্বংস যজ্ঞের বিরুদ্ধে সক্রিয় রয়েছেন, প্রতিনিয়ত লড়াই করে চলেছেন, আসুন সবাই একজোট হই। এই কারণে আগামী ২৬ এপ্রিল দুপুর ৩ টের সময় মৌলালি যুবকেন্দ্রে সবুজ মঞ্চ এবং সহযোগী সংস্থারা ডাক দিয়েছে এক রাজ্য স্তরের কনভেনশনের। যেখানে দার্জিলিং থেকে দক্ষিণ ২৪ পরগণা, পুরুলিয়া থেকে নদীয়া তাঁদের সমস্যার, তাঁদের লড়াইয়ের কথা বলবেন - বলবেন নদীর কথা, সমুদ্র উপকূলের কথা, জলাশয় - জলাভূমির কথা, বনের কথা, গাছের কথা, বাতাসের কথা, শব্দের কথা, মানুষের কথা - অভিজ্ঞতা বিনিময় হোক। তারপর সবাই মিলে ঠিক করি আগামী দিনে পরিবেশ বাঁচানোর জন্য কি করা দরকার। যাঁরা আগামী দিনে ক্ষমতায় আসছেন বা আসতে চাইছেন, তাঁদের কাছে দাবি করি -

- জলাশয় ভরাট, জলাভূমি বোজানো এবং জলাভূমির চরিত্র নষ্ট করে যে কোন রকমের নির্মাণ বন্ধ হোক।
- নদী দূষণ, নদীতে যথেষ্ট বাঁধ নির্মাণ, নদী দখল, নদী থেকে বেআইনি উপায়ে বালি তোলা, নদীর খাতে ইঁট ভাটা বসানো বন্ধ হোক।
- নদী ভাঙ্গন রোধ করার জন্য দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও কার্যক্রম নেওয়া হোক, ক্ষতিগ্রস্ত মানুষের জন্য যথাযথ ক্ষতিপূরণ, জীবন জীবিকার ব্যবস্থা করা হোক।
- দিকে দিকে রাস্তা গড়ে তোলার নামে, নগর গড়ে তোলার নামে, উন্নয়নের নামে যথেষ্ট সবুজ ধ্বংস বন্ধ হোক। ব্যপক হারে গাছ কাটা বন্ধ হোক।
- স্মার্ট সিটি, গ্রীন সিটি গড়ে তোলার নামে প্রাকৃতিক পরিবেশ নষ্ট করে কংক্রিটের জঙ্গল তৈরি করা, স্বাভাবিক সবুজ ধ্বংস করে কৃত্রিম সৌন্দর্যায়নের উদ্যোগ বন্ধ হোক।
- সব ধরনের বাজি, যা শব্দ ও বায়ুদূষণ করে, তা নিষিদ্ধ হোক।
- মাইক্রোফোনের শব্দ সীমা নিয়ন্ত্রণের মধ্যে থাকুক। বেআইনিভাবে অসময়ে মাইক্রোফোন বাজানো বন্ধ হোক। ডি জে, গাড়ির ইলেকট্রিক হর্ন সম্পূর্ণ নিষিদ্ধ হোক।

- যথেষ্ট রাসায়নিক সার, রাসায়নিক কীটনাশক ব্যবহার, উচ্চ ফলনের লোভে অবৈজ্ঞানিক চাষ, চাষের জমি ও জল দূষিত করে নিবিড় চিংড়ি চাষ ইত্যাদির মাধ্যমে জীববৈচিত্র্য ধ্বংস করা বন্ধ হোক।
- অতিরিক্ত পরিমাণে গাড়ির দূষণ, নির্মাণ শিল্প থেকে দূষণ, চাষের জমি থেকে মাটি তুলে ইঁট ভাটা চালানো ইত্যাদি নিয়ন্ত্রণের মাধ্যমে বায়ুদূষণ কমানো হোক।
- গ্রাম, শহরের প্রান্তে বেআইনি ভাবে আবর্জনার পাহাড় তৈরি করা, নদী-খাঁড়িতে ফেলে দেওয়া অথবা জঞ্জাল পোড়ানোর মত কাজ বন্ধ হোক।
- একবার ব্যবহার করেই ফেলে দেওয়া হয় এমন প্লাস্টিক ব্যাগ, প্লাস্টিক কাপ, থার্মোকাল ইত্যাদির বিক্রি ও ব্যবহার নিষিদ্ধ হোক। প্লাস্টিক জঞ্জাল নিয়ন্ত্রণ করা হোক। প্লাস্টিক জঞ্জাল পোড়ানো বন্ধ হোক।
- চিকিৎসার আবর্জনা যথাযথ পরিশোধনের আগেই পৌর জঞ্জালের সঙ্গে মিশিয়ে ফেলা, পরিশোধন না করেই সেগুলি নিয়ে বেআইনি ব্যবসা বন্ধ করা হোক।
- সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে, সুন্দরবনের নদীর খাতে, পাহাড়ে, জঙ্গলে বেআইনি সমস্ত নির্মাণ ভেঙ্গে ফেলা হোক।
- পানীয় জলে আর্সেনিক, ফ্লুরাইড ইত্যাদির দূষণ নিয়ন্ত্রণ করে সমস্ত নাগরিকের জন্য দূষণ-মুক্ত জল সরবরাহের ব্যবস্থা করা হোক।
- যথেষ্ট পরিমাণে মাটির নীচের জল তোলা বন্ধ হোক। বৃষ্টির জল জমানোর ব্যবস্থা বাধ্যতামূলক করা হোক।
- যে সব স্পঞ্জ আয়রন কারখানার এবং অন্যান্য কারখানার দূষণে আশেপাশের এলাকার জল-মাটি-বাতাস ভয়াবহ দূষণে আক্রান্ত, সেইসব কারখানা বন্ধ করা হোক।
- কারখানার অভ্যন্তরের দূষণে আক্রান্ত শ্রমিকের পেশাগত অসুস্থতা রোধে উপযুক্ত চিকিৎসা, ক্ষতিপূরণ এবং বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা হোক।
- বাড়ির ভিতরে শিশু ও নারীদের দূষণের কবলমুক্ত করার জন্য সুলভে যথাযথ চুল্লী ও জ্বালানির ব্যবস্থা করা হোক।

এই কনভেনশনকে সফল করার জন্য কলকাতায় আগামী ২১ এপ্রিল সকাল ১০টা, হাজরা রোড থেকে একটি ট্যাবলো সহ পথ পরিক্রমার আয়োজন করা হয়েছে। যাঁদের পক্ষে সম্ভব, এই পথ পরিক্রমায় অংশ গ্রহণ করার অনুরোধ করা হচ্ছে।

পরিবেশ কর্মীদের রাজ্য কনভেনশন
আয়োজনে - সবুজ মঞ্চ ও সহযোগী সংস্থারা
২৬ এপ্রিল, ২০১৮, দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৭টা; মৌলালি যুব কেন্দ্র
●
প্রচার অভিযান এবং পথ পরিক্রমা
২১ এপ্রিল, শুরু সকাল ১০টা, হাজরা মোড় থেকে